

# দূরান্তের মুমূর্ষু রোগী আনতে বিমান পরিষেবা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: দূর-দূরান্ত থেকে মুমূর্ষু রোগী আনতে আজ রবিবার থেকে ছোট বিমান পরিষেবা চালু করছে মেডিকা সুপার স্পেশালিটি হসপিটাল। শনিবার এক সাংবাদিক সম্মেলনে এ খবর জানান সংশ্লিষ্ট হাসপাতালের চেয়ারম্যান অলক রায়।

তাঁর দাবি, এ রাজ্যে এ ধরনের পরিষেবা এই প্রথম চালু হল। সাতদিন ২৪ ঘণ্টা চার আসনে এই ছোট বিমানটি রোগী আনতে তৈরি থাকবে। আপদকালীন পরিস্থিতিতে রোগীকে সুস্থ করে তুলতে বিমানে চিকিৎসকও থাকবেন। এ রাজ্যের বিভিন্ন প্রান্ত ছাড়াও বিহার, ঝাড়খন্ড, ওড়িশা প্রভৃতি রাজ্য থেকে অসুস্থ রোগীদের এই বিমানে আনা যাবে।

অলকবাবু বলেন, এই বিশেষ ছোট বিমান পরিষেবা পেতে রোগীকে প্রতি ঘণ্টার জন্য ১০ হাজার টাকা দিতে হবে। রোগী ও বাড়ির লোকজন নিয়ে বিমান নামবে কলকাতা বিমানবন্দরে। সেখান থেকে আধুনিক অ্যাম্বুলেন্সে করে সোজা হাসপাতালে নিয়ে আসা হবে।